

কিউএস সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে বিশ্বে শীর্ষ ৪০১-৪৭৫ স্থানে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

প্রেস বিজ্ঞপ্তি

২৮ মার্চ ২০২৬, ০৫:১৩ পিএম



যুক্তরাজ্যভিত্তিক বিশ্বের উচ্চশিক্ষা বিশ্লেষণকারী র‍্যাঙ্কিং প্রতিষ্ঠান কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র‍্যাঙ্কিং ২০২৬ এর কৃষি ও বনায়ন ক্যাটাগরিতে বিশ্বের শীর্ষ প্রভাবশালী বিশ্ববিদ্যালয়গুলোর সাথে প্রতিযোগিতা করে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (গাকৃবি) প্রথমবারের মতো বিশ্বে ৪০১-৪৭৫ তম স্থান অর্জন করেছে। যা গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এক ঐতিহাসিক মাইলফলক।

গত ২৫ মার্চ কিউএস তাদের অফিসিয়াল ওয়েবসাইটে এ র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। এর আগে কিউএস সাসটেইনেবিলিটি র‍্যাঙ্কিংয়ে গাকুবির অবস্থান ছিল বিশ্বের শীর্ষ ১০৭১-১০৮০ এর মধ্যে। মাত্র এক বছরের ব্যবধানে গাকুবির বর্তমান ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমান এর সুনিপুণ নেতৃত্ব, গবেষণার প্রসার এবং আন্তর্জাতিক মানসম্পন্ন একাডেমিক পরিবেশ সৃষ্টির অনবদ্য নৈপুণ্যে যে ধারাবাহিক সাফল্য অর্জিত হয়েছে তা এই র‍্যাঙ্কিং গাকুবিকে আরও এক নতুন মাত্রায় সমৃদ্ধ করলো।

প্রকাশিত র‍্যাঙ্কিং তালিকায় কৃষি ও বনায়ন ক্যাটাগরিতে নেদারল্যান্ডের Wageningen University and Research প্রথম ও যুক্তরাষ্ট্রের California University দ্বিতীয় স্থানে রয়েছে। এ র‍্যাঙ্কিংয়ে বিশ্বের ১০০টি উচ্চশিক্ষা ব্যবস্থার অধীনে ১,৯০০টির বেশি প্রতিষ্ঠানের ২১ হাজারেরও বেশি একাডেমিক গ্রোথামকে ৫৫টি বিষয় ও পাঁচটি ফ্যাকাল্টির ক্ষেত্রে তুলনামূলকভাবে মূল্যায়ন করা হয়েছে।

পূর্বের কিউএস প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাসটেইনেবিলিটি র‍্যাঙ্কিংস ২০২৬-এ গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় দেশের সকল কৃষি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান অর্জন করেছিল। একই সঙ্গে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে তৃতীয় এবং পাবলিক-প্রাইভেট মিলিয়ে পঞ্চম স্থান অধিকার করে এক অনন্য গৌরবের স্বাক্ষর রেখেছিল। গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের (গাকুবি) ধারাবাহিক আন্তর্জাতিক স্বীকৃতির অংশ হিসেবে টাইমস হায়ার এডুকেশন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৬-এ দেশের সব পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।

একই সঙ্গে টিএইচই এর সাবজেক্ট র‍্যাঙ্কিং ২০২৬-এ লাইফ সায়েন্স ক্যাটাগরিতেও দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গাকুবি শীর্ষস্থান দখল করে। এছাড়া টিএইচই ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং ২০২৫-এ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে অবদানের স্বীকৃতিস্বরূপ দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গাকুবি শীর্ষস্থান ধরে রেখেছে। অন্যদিকে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস ফর ইনোভেশন (উরি) এর ২০২৫ সালের র‍্যাঙ্কিংয়ে ‘গ্লোবাল টপ ইনোভেটিভ ইউনিভার্সিটিজ’ ক্যাটাগরিতে গাকুবি দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান অর্জন করে। র‍্যাঙ্কিংয়ের একই তালিকায় প্রযুক্তি ও উদ্ভাবনে বিশ্বের শীর্ষ ১০০ প্রভাবশালী প্রতিষ্ঠানের মধ্যে গাকুবির অবস্থান ৭৭তম এবং বৈশ্বিক শীর্ষ ৪০০ ইনোভেটিভ বিশ্ববিদ্যালয়ের তালিকায় এর অবস্থান ৩৩১তম যা জাতীয় পর্যায়ে সর্বোচ্চ সাফল্য।

সার্বিক বিষয়ে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমান এই অর্জনকে বিশ্ববিদ্যালয়ের সমগ্র পরিবারের সম্মিলিত প্রচেষ্টার ফল উল্লেখ করে বলেন, এটি কেবল একটি র‍্যাঙ্কিংয়ে অবস্থান উন্নীত হওয়ার প্রসঙ্গ নয়, বরং দেশের কৃষি শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের প্রতি আন্তর্জাতিক সম্প্রদায়ের আস্থার প্রতিফলন। তবে আমরা এখানেই থেমে না গিয়ে সামগ্রিকভাবে কীভাবে বিশ্বের শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়ের সারিতে আসা যায় সে প্রচেষ্টা অব্যাহত রাখব। ভাইস-চ্যান্সেলর আরও বলেন, ‘আন্তর্জাতিক মানসম্পন্ন গবেষণা পরিবেশ সৃষ্টি, আধুনিক পাঠক্রম উন্নয়ন এবং বৈশ্বিক সহযোগিতা সম্প্রসারণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে একটি বিশ্বমানের গবেষণা ও শিক্ষার কেন্দ্র হিসেবে গড়ে তোলাই আমাদের অঙ্গীকার।